



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

www.barisalboard.gov.bd

তারিখ : ১০/০২/২০১৫খ্রি.

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/ ৪৩৫

বিষয় : পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি

সূত্র : কলেজের স্মারক নং- ১৪(১১), তারিখ : ০২/১৪/২০১৪খ্রি.

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ০৫/০২/২০১৫ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, নূরুলনবী চৌধুরী মহাবিদ্যালয়, ডাক: দেবিরচর, উপজেলা: লালমোহন, জেলা: ভোলা-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি বিলম্বে যাতে না হয় এ মর্মে সতর্ক করা হলো এবং নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহের পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/২০১৪ থেকে ৩০/০৬/২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হলো এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে পাঠদানের অনুমতির জন্য ৬০০০/- (ছয় হাজার) টাকার ডিডি/পিওসহ আবেদন করার জন্য বলা হলো।

অনুমতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে উক্ত অনুমতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শাখা	বিষয়
১। সকল শাখার জন্য	: বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক বিষয়)
২। নৈর্ব্যাপ্তিক বিষয়	
ক) মানবিক শাখা	: অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, ইসলাম শিক্ষা, যুক্তিবিদ্যা, সমাজকর্ম এবং সমাজ বিজ্ঞান
খ) ব্যবসায় শিক্ষা শাখা	: হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৭৪.০০৪.১১-৬০৩, তারিখ- ১৩ জুন ২০১৩ এর বর্ণনা অনুযায়ী পাঠ্যক্রম থেকে ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা বিষয়টি বাদ দেয়ায় উক্ত বিষয়ের নবায়ন করা হলো না।

শর্তাবলী

- ০১। একাদশ শ্রেণীতে পাঠদানের অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না
- ০২। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করতে হবে এবং প্রতি বিষয়ে ন্যূনতম ২৫জন পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে এর ৫০% পাস করতে হবে
- ০৩। আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৪। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৫। আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৬। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৭। সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- ০৮। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় এ আদেশ প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

২০-০২-২০১৫

ড. মো: লিয়াকত হোসেন # ৯৫১১  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল  
মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬  
gmail : drliaquate@gmail.com

অধ্যক্ষ

নূরুলনবী চৌধুরী মহাবিদ্যালয়

ডাক: দেবিরচর, উপজেলা: লালমোহন, জেলা: ভোলা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো
- ৪। পি এস টু চেয়ারম্যান, বশিবো
- ৫। সংরক্ষণ নথি